

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সিআর-৩ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নং- ০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৬ (অংশ-২)-৪১

তারিখঃ ১১ শ্রাবণ, ১৪৩০  
২৬ জুলাই, ২০২৩


পরিপত্র

বিষয়ঃ ‘গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০’ এর ৪.৫.৬ নং অনুচ্ছেদে বিরূপ মন্তব্য বহালের মেয়াদ সংশোধন।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিরূপ মন্তব্যের গুরুত্ব অনুযায়ী বহালের মেয়াদ যৌক্তিকভাবে নির্ধারণের প্রয়োজনে ‘গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০’ এর ৪.৫.৬ নং অনুচ্ছেদ নিম্নরূপভাবে সংশোধন করা হলো:

“সততা ও সুনাম সম্পর্কিত বিরূপ মন্তব্য বহালের ক্ষেত্রে তা বহালের তারিখ হতে সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর পর্যন্ত এবং অন্যান্য ক্ষেত্রে সর্বোচ্চ ০৩ (তিন) বছর পর্যন্ত কার্যকর থাকবে। তবে যৌক্তিক কারণে বিরূপ মন্তব্য যথাসময়ে নিষ্পত্তি করা সম্ভব না হলে সেক্ষেত্রে বিরূপ মন্তব্য নিষ্পত্তির পর বহাল হলে তার মেয়াদ গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ এর ৩.৪.৬ নং অনুচ্ছেদ অনুযায়ী ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য নির্ধারিত সময়ের শেষ তারিখ থেকে কার্যকর হবে”।

০২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

  
২৬.০৭.২০২৩  
(শেলিনা খানম)  
উপসচিব  
ফোন- ৫৫১০০৮৭৮।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(সদয় অবগতি, প্রয়োজনীয় কার্যক্রম ও অধীনস্থ/সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অবহিত করার বিনীত অনুরোধসহ)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব (সকল).....।
৩. রেক্টর, বিপিএটিসি, সাতার/বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
৪. মহাপরিচালক.....।
৫. বিভাগীয় কমিশনার (সকল).....।
- ৬। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৭। জেলা প্রশাসক (সকল).....।
- ৮। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের একান্ত সচিব (সকল)..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৯। সিনিয়র সচিব এর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।  
[ অতিরিক্ত গেজেটে প্রকাশের জন্য এবং গেজেটের ১০ (দশ) কপি প্রেরণের অনুরোধসহ।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।